P(3rd Sm.)-Bengali-H/SEC-A/CBCS

২০১৯

# বাংলা - সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পেপার ঃ SEC-A

পূর্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

**ATTEMPT EITHER SEC-A(I) *Or* SEC-A(II)**

## পেপার ঃ SEC-A(I)

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৮০

১। (ক) একটি সার্থক পাণ্ডুলিপিতে কোন বিষয়গুলি থাকা প্রয়োজন? ১০

অথবা,

(খ) গ্রন্থ ও পত্রিকা সম্পাদনায় সম্পাদকের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

২। (ক) এম. এস. ওয়ার্ড ও পেজমেকার কীভাবে কাজ করে বুঝিয়ে দাও। ৫+৫

অথবা,

(খ) কম্পিউটারনির্ভর আধুনিক মুদ্রণ ব্যবস্থায় কোরেল ড্র-র ভূমিকা সম্পর্কে সংক্ষেপে লেখো। ১০

৩। (ক) নিম্নলিখিত প্রুফটি সংশোধন করো। ১০

মূল কপি

এটা বেশি কিছু নয়, তবু বড়ো শক্ত দাবি। কুমু এইটুকু আন্দাজ করতে পেরেছে যে, মধুসূদনের মনে সংগীতের রস নেই। এর সামনে বাজানোর সংকোচ কাটিয়ে তোলা কঠিন। কুমু মুখ নিচু করে এসরাজের ছড়িটা নিয়ে নাড়াচাড়া করতে লাগল।

মধুসূদন বললে, "বাজাও-না বড়োবউ, আমার সামনে লজ্জা কোরো না।"

প্রুফ সংশোধন করো

এটা বেশী কিছুই নয়, তবু বড় শক্ত দাবি কুমু এটুকু আন্দায করতে পে রেছে যে মধুসুদনের মনে সঙ্গীতের রস নাই। এর সামনে বাজানোব সংকোচ কাটিয়ে তোলাকঠিন। মুকু এসরাজেজর ছড়টা নিয়ে নাড়াচাড়া করিতে লানল। মধুসূদন বললে, "বাজাও না বড়ো বউ আমার সামনে লজ্জা করো।

Please Turn Over

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

৩। (ক) অশুদ্ধি সংশোধন করো। ১০

সমিচিন, বাল্মিকি, মহত্মা, ভৌগলিক, কুজটিকা, সান্তনা, জাজল্যমান, দূর্গা, বিথি, শারিরিক।

অথবা,

(খ) গ্রন্থ ও পত্রিকার বিভিন্ন প্রকার স্টিচিং-বাইন্ডিং সম্পর্কে সংক্ষেপে পরিচয় দিয়ে সেগুলির সুবিধা অসুবিধা বিষয়ে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) টীকা লেখো : বাংলা যুক্তাক্ষর

(খ) কীভাবে একটি প্রবন্ধ সংকলন তৈরি করা যেতে পারে তার ধারণা দাও।

(গ) ইনডিজাইন-এর সুবিধাগুলি লেখো।

(ঘ) ফন্ট সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) টীকা লেখো : গ্রন্থের বিপণন

(চ) টীকা লেখো : অফসেট প্রিন্টিং

(ছ) টীকা লেখো ঃ গ্রন্থের টাইটেল পেজ।

(জ) অটো কারেক্ট অপশন কাকে বলে? এর কার্যকারিতার পরিচয় দাও।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) ISSN কী?

(খ) সূচিপত্র কী নির্দেশ করে?

(গ) 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান-সংস্কার সমিতি'র প্রথম বাংলা বানান সম্পর্কিত বইটি কোন সালে প্রকাশিত হয়?

(ঘ) শব্দে রেফের অবস্থান কোথায় হয় উদাহরণসহ উল্লেখ করো।

(ঙ) বুক জ্যাকেট বইয়ের কোন অংশ?

(চ) বিবলিওগ্রাফি (Bibliography) শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?

(ছ) রুলার-এর কাজ কী?

(জ) এম.এস.ওয়ার্ড-এর পুরো শব্দটি কী?

(ঝ) কী-বোর্ডের কোন কমান্ডে ডাটা পেস্ট করা হয়?

(ঞ) কোরেল ড্র-র রিবন বার কী?

(ট) বারকোড কাকে বলে?

(ঠ) ই-বুক বলতে কী বোঝো?

(ড) দৈর্ঘ্যে ও প্রস্থে A4 কাগজের মাপ কত সেন্টিমিটার?

(ঢ) আধুনিক ছাপাখানার জনক কাকে বলা হয়?

(ণ) প্রথম বাংলা হরফ তৈরিতে কোন বাঙালির নাম পাওয়া যায়?

(ত) 'ব্রাহ্মণ' শব্দটিতে কী কী ধ্বনি রয়েছে দেখাও।

(থ) বইয়ের 'রয়্যালটি' বলতে কী বোঝো?

(দ) বাঁধাইয়ের কাজে ব্যবহৃত অন্তত চারটি উপকরণের নাম লেখো।

(ধ) D.T.P. কোন শব্দের সংক্ষিপ্ত রূপ?

(ন) সেভ এবং সেভ অ্যাজ-এর পার্থক্য কী?

**পেপার : SEC-A(II)**

**(ব্যবহারিক বাংলা -১)**

**পূর্ণমান - ৮০**

১। (ক) নিচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো। ১০

সদ্য চাকরি খোয়ানো দুই সন্তানের পিতা প্রবীরবাবু স্ত্রী সুতপার চিকিৎসার জন্য টাকা জোগাড় করতে হন্যে হয়ে ঘুরছেন। অতি কষ্টে বিশ হাজার টাকা জোগাড় করে বাড়ি ফিরছিলেন একদিন। পথে অটো-র মধ্যে টাকার ব্যাগ ফেলে রেখে আসেন। হতোদাম প্রবীরবাবু প্রথমে থানায় যান। তারপর বাড়ি ফিরে স্ত্রী সুতপাকে সবকথা জানান। পরিবারে যখন নেমে এসেছে শোকের ছায়া তখন হঠাৎই দরজায় কড়া নাড়ার শব্দ। তারপর .......

অথবা,

(খ) নিম্নলিখিত গল্পাংশটির নাট্যরূপ দাও। ১০

কাঙালি পুকুর হইতে আঁচাইয়া আসিয়া দেখিল তাহার পাতের ভুক্তাবশেষ মা একটা মাটির পাত্রে ঢাকিয়া রাখিতেছে, আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিল, তুই খেলি নে মা?

বেলা গড়িয়ে গেছে বাবা, এখন আর খিদে নেই। ছেলে বিশ্বাস করিল না, বলিল, না, খিদে নেই বই কি! কই, দেখি তোর হাঁড়ি?

এই ছলনায় বহুদিন কাঙালির মা কাঙালিকে ফাঁকি দিয়া আসিয়াছে। সে হাঁড়ি দেখিয়া তবে ছাড়িল। তাহাতে আর একজনের মতো ভাত ছিল। তখন সে প্রসন্নমুখে মায়ের কোলে গিয়া বসিল। এই বয়সের ছেলে সচরাচর এরূপ করেনা, কিন্তু শিশুকাল হইতে বহুকাল যাবৎ সে রুগ্ণ ছিল বলিয়া মায়ের ক্রোড় ছাড়িয়া বাহিরের সঙ্গীসাথীদের সহিত মিশিবার সুযোগ পায় নাই। এইখানে বসিয়াই তাহাকে খেলাধুলার সাধ মিটাইতে হইয়াছে। একহাতে গলা জড়াইয়া, মুখের উপর মুখ রাখিয়াই কাঙালি চকিত হইয়া কহিল, মা, তোর গা যে গরম, কেন তুই অমন রোদে দাঁড়িয়ে মড়া-পোড়ানো দেখতে গেলি? কেন আবার নেয়ে এলি? মড়া-পোড়ানো কি তুই—

**Please Turn Over**

মা শশব্যস্তে ছেলের মুখে হাত চাপা দিয়া কহিল, ছি বাবা, মড়া-পোড়ানো বলতে নেই, পাপ হয়। সতী-লক্ষ্মী মা-ঠাকরুন রথে করে সগ্গে গেলেন।

ছেলে সন্দেহ করিয়া কহিল, তোর এক কথা মা। রথে চড়ে কেউ নাকি আবার সগ্গে যায়।

মা বলিল, আমি যে চোখে দেখনু কাঙালি, বামুন-মা রথের উপরে বসে। তেনার রাঙা পা-দুখানি যে সবাই চোখ মেলে দেখলে রে।

সবাই দেখলে?

সব্বাই দেখলে।

২। (ক) কবিতা আবৃত্তির ক্ষেত্রে আবৃত্তিকারকে কোন কোন বিষয়ে সতর্ক হতে হয় তা সংক্ষেপে লেখো। ১০

**অথবা,**

(খ) মিশ্রবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্যের সঙ্গে চলচ্চিত্রের সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

**অথবা,**

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসটির সঙ্গে সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' চলচ্চিত্রটির একটি তুলনামূলক পর্যালোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) 'পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্রের উপযোগী চিত্রনাট্য নির্মাণের জন্য চিত্রনাট্যকারের যে স্বাধীনতা থাকে, তা টেলিভিশনের ধারাবাহিকের জন্য নির্মিত চিত্রনাট্যে থাকে না'— মন্তব্যটির সপক্ষে বা বিপক্ষে যুক্তিসহ আলোচনা করো।

(গ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের কোন সিকোয়েন্সটি তোমার বেশি পছন্দের এবং কেন?

(ঘ) টীকা লেখো : নাট্যরূপে মঞ্চনির্দেশ

(ঙ) টীকা লেখো : রুদ্ধদল ও মুক্তদল

(চ) নাট্যরূপ এবং চিত্রনাট্য রচনার মধ্যে প্রধান পার্থক্যগুলি নিয়ে আলোচনা করো।

(ছ) 'ক্ষুধিত পাষাণ' গল্পের অতিপ্রাকৃত রস তপন সিংহের চলচ্চিত্রায়ণে বজায় আছে কি না তা আলোচনা করে বুঝিয়ে দাও।

(জ) 'পথের পাঁচালী'র অপু আর 'বাড়ি থেকে পালিয়ে'-র কাঞ্চন চরিত্র দুটির মধ্যে স্বভাবগত মিল ও অমিলের দিকগুলি চিহ্নিত করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো। ১×১০

(ক) কোন ছন্দকে মধ্যম লয়ের ছন্দ বলা হয়?

(খ) 'পথের পাঁচালী'-র আগে বাংলা সাহিত্য থেকে নির্মিত একটি চলচ্চিত্রের নামোল্লেখ করো।

(গ) ঋতুপর্ণ ঘোষ পরিচালিত একটি চলচ্চিত্রের নামোল্লেখ করো, যেটি রবীন্দ্রনাথের উপন্যাসের উপর আধারিত।

(ঘ) 'আবহ' বলতে কী বোঝো?

(ঙ) 'পথের পাঁচালী' চলচ্চিত্রের সংগীত পরিচালক কে ছিলেন?

(চ) যবনিকা কী?

(ছ) আবৃত্তিচর্চার সঙ্গে জড়িত একজন প্রখ্যাত নাট্যব্যক্তিত্বের নামোল্লেখ করো।

(জ) ছন্দে পর্ব বলতে কী বোঝো?

(ঝ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রের সংগীত পরিচালক কে ছিলেন?

(ঞ) 'পথের পাঁচালী' চলচ্চিত্রটি কবে প্রথম মুক্তি পায়?

(ট) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের কোন গোয়েন্দা চরিত্রটিতে বাংলা চলচ্চিত্রের একাধিক অভিনেতা অভিনয় করেছেন?

(ঠ) মাইকেল মধুসূদনের হাতে কোন ছন্দ প্রবর্তিত হয়েছিল?

(ড) শরৎচন্দ্রের উপন্যাস থেকে নাটক হয়েছে— একটি উদাহরণ দাও।

(ঢ) 'বিষয় চলচ্চিত্র' বইটির লেখক কে?

(ণ) বাংলা ধ্বনির লিখিত রূপ এবং মান্য চলিত বাংলায় উচ্চারিত রূপের ভিন্নতার একটি উদাহরণ দাও।

(ত) 'কবিতার ক্লাস' গ্রন্থটির রচয়িতা কে?

(থ) মুক্তক ছন্দের প্রবর্তক কে?

(দ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটি কোন পুরস্কার পেয়েছিল?

(ধ) 'স্পট লাইট' কী?

(ন) কোন ছন্দে রুদ্ধদল সবসময় দু'মাত্রা হিসাবে গণনা করা হয়?

---